গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইন অধিশাখা

নং-৩৩.০২.০০০০.১৪৭.০৮.০৪২.১৭(অংশ-১)-৩৬০

তারিখঃ ১২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ / ২৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

**প্রজ্ঞাপন**

'জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা (Guidelines), ২০১৯' অধিকতর কার্যকারিতার উদ্দেশে উহার কতিপয় অনুচ্ছেদের নিম্নরূপ সংশোধনী নির্দেশক্রমে এতদ্বারা জারি করা হলো-

(ক) প্রথম অনুচ্ছেদের ১০ নং লাইনে 'রাজস্ব বাজেটে' এর পরে '৪৮১৮ নিবন্ধন ফি' শব্দসমূহ 'Registration fee, নিবন্ধন ফি' দ্বারা প্রতিস্থাপিত হবে।

(খ) উপ-অনুচ্ছেদ ৩.২ তে প্রথম লাইনে 'সরকারি মালিকানাধীন প্রাকৃতিক' শব্দসমূহ অবলুপ্ত হবে এবং দ্বিতীয় লাইনে 'হ্রদ' এর পরে 'খাল, বিল, পুকুর' শব্দসমূহ সংযোজিত হবে।

(গ) উপ-অনুচ্ছেদ ৩.৫তে প্রথম লাইনে 'অনুচ্ছেদ ৮', 'অনুচ্ছেদ ৯' দ্বারা প্রতিস্থাপিত হবে।

(ঘ) উপ-অনুচ্ছেদ ৩.৭তে প্রথম লাইনে 'অনুচ্ছেদ ৮(১)', 'অনুচ্ছেদ ১১' দ্বারা প্রতিস্থাপিত হবে।

(ঙ) অনুচ্ছেদ ৫.০তে 'বাংলাদেশের' পরে 'প্রাকৃতিক' শব্দ অবলুপ্ত হবে।

(চ) ৬.৪ উপ-অনুচ্ছেদে 'এবং' এর পরে 'উপজেলা কমিটির' শব্দসমূহ 'জেলে নিবন্ধন কর্তৃপক্ষের' শব্দাবলী দ্বারা প্রতিস্থাপিত হবে এবং শেষের লাইনে 'জেলা মৎস্য কর্মকর্তার' শব্দসমূহ 'সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা' দ্বারা প্রতিস্থাপিত হবে।

(ছ) অনুচ্ছেদ ৬ এর পরে নিম্নরূপ ৬ক অনুচ্ছেদ সংযুক্ত হইবে।

**'৬ক. জেলেদের পরিচয়পত্র হালনাগাদ ও নিবন্ধন বাতিল ইত্যাদি:**

৬ক.১ কোন জেলে পেশা পরিবর্তন বা অন্য কোন যৌক্তিক কারণে কার্ডধারী জেলেদের ডাটাবেজ হইতে নিজ নাম বাতিলের জন্য স্ব-উদ্যোগে জেলে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট পরিচয়পত্রসহ আবেদন দাখিল করিলে বা কোন ব্যক্তির অভিযোগের প্রেক্ষিতে তদন্তক্রমে বা সিনিয়র /উপজেলা মৎস্য অফিসার এর নিকট যৌক্তিক কারণে এই নির্দেশিকার ৬.২ অনুচ্ছেদ অনুসারে জেলে হিসাবে গণ্য হইবার অযোগ্য হইলে তিনি জেলে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট এই বিষয়ে প্রতিবেদন পেশ করিবেন এবং জেলে নিবন্ধন কর্তৃপক্ষ উক্ত জেলের নিবন্ধন বাতিল করিবার জন্য সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে;

৬ক.২ গৃহীত সিদ্ধান্তসহ সিনিয়র/উপজেলা মৎস্য অফিসার সংশ্লিষ্ট জেলা মৎস্য অফিসারকে অবহিত করিয়া মহাপরিচালককে বর্ণিত জেলের নিবন্ধন বাতিল করিবার জন্য অনুরোধ করিবেন এবং মহাপরিচালক নিবন্ধন ও পরিচয়পত্র বাতিল ঘোষণা করিয়া বিজ্ঞপ্তি জারি করিবেন ও ডাটাবেজ হালনাগাদ করিবার ব্যবস্থা গ্রহন করিবেন;

৬ক.৩ সিনিয়র /উপজেলা মৎস্য অফিসার বাতিলকৃত পরিচয়পত্র সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হইতে উদ্ধার বা জব্দের ব্যবস্থা গ্রহণ করিবেন এবং সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা জব্দকৃত পরিচয়পত্র ধ্বংস করিবেন ও রেজিস্টারে/আবেদনপত্রে বাতিল লিখিয়া স্বাক্ষর করিবেন; এবং

৬ক.৪ বাতিলকৃত পরিচয়পত্রধারী এই নির্দেশমালার অধীন জেলে হিসাবে গণ্য হইবেন না ও জেলেদের জন্য প্রদেয় কোন সরকারী প্রণোদনা বা সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য হইবেন না।'

(জ) উপ-অনুচ্ছেদ ৭.৩তে এবং ৭.৪তে 'উপজেলা পর্যায়ে জেলে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কমিটি' শব্দসমূহ 'জেলে নিবন্ধন কর্তৃপক্ষ' শব্দাবলী দ্বারা প্রতিস্থাপিত হবে, ৭(৪) বাক্য শেষে 'এবং' শব্দ বাদ যাবে এবং উপ-অনুচ্ছেদ ৭.৫ এর বাক্যের পরে দাঁড়ি (।) অবলুপ্ত হয়ে সেমিকোলন (;) হবে ও সেমিকোলনের পরে 'এবং' শব্দ সংযোজিত হবে এবং পরে নিম্নরুপ নূতন ৭.৬ উপ-অনুচ্ছেদ সংযুক্ত হবে।

'৭.৬ জেলা মৎস্য কর্মকর্তাগণ সার্বিকভাবে জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কার্যক্রম তত্ত্বাবধান করিবেন'।

(ঝ) অনুচ্ছেদ ৮.১ নিম্নরূপে প্রতিস্থাপিত হবে-

**৮.১** নিবন্ধিত ও পরিচয়পত্রধারীদের উপাত্তমূল (Database)-এ জেলে নয় এমন কেউ নিবন্ধিত হলে তাহার নাম বা মৃত জেলেদের নাম বাদ ও নূতন জেলেদের নাম অনলাইন উপাত্তমূল (Online database)-এ অন্তর্ভুক্ত হইবে এবং প্রতিবৎসর যে কোন সময় জেলা মৎস্য কর্মকর্তার অনুমোদনক্রমে উপজেলা মৎস্য অফিস উপাত্তমূল হালনাগাদের কার্য করিবে;

(ঞ) অনুচ্ছেদ ১০.০ তে '(ঙ)' এর পরে নিম্নরুপ '(চ)' উপ অনুচ্ছেদ হবে।

'(চ) তথ্য সংগ্রহকারী মনোনয়ন প্রদান'।

(ট) অনুচ্ছেদ ১১.০ আবেদন ফর্মে ছকে 'জেলে নিবন্ধন ফর্ম' এর নিচের সারিতে 'ফর্ম নং-' এবং '(লিখে পূরণ করুন বা টিক চিহ্ন দিন)' শব্দসমূহ সংযোজিত হবে এবং ২১ নং ক্রমিকে 'ভূমি' শব্দের পূর্বে 'প্লাবন' শব্দ বসবে এবং ফর্মের শেষে 'তথ্য প্রদানকারীর' শব্দ 'আবেদনকারীর' দ্বারা প্রতিস্থাপিত হবে এবং ফর্মে 'নৌযানের আকার' এর পূর্বে ক্রমিক নং '৩০।' বসবে এবং পরবর্তী ক্রমিক নং সমূহ সে অনুসারে ক্রমধারায় পরিবর্তীত হবে।

(ঠ) অনুচ্ছেদ ১২.০ তে জেলে পরিচয় পত্র ফর্ম এ `propetry ' শব্দটি 'property' দ্বারা প্রতিস্থাপিত হবে।

(ড) অনুচ্ছেদ ১৩.৪ এর পরে 'এবং' বাদ যাবে এবং অনুচ্ছেদ ১৩.৫ এর পরে দাঁড়ি (।) অবলুপ্ত হয়ে সেমিকোলন (;) হবে ও সেমিকোলনের পরে 'এবং' শব্দ সংযোজিত হবে ও নিম্নরূপ উপ-অনুচ্ছেদসমূহ সংযুক্ত হবে-

'১৩.৬ এই নির্দেশিকায় যাহা কিছুই বলা থাকুক না কেন, সরকার জনস্বার্থে কারণ দর্শানো ছাড়াই যে কোন জেলের নিবন্ধন ও পরিচয়পত্র বাতিল করিতে পারিবে;

১৩.৭ এই নির্দেশিকার পরিবর্তন, পরিমার্জন অথবা সংশোধনের যে-কোনো সিদ্ধান্ত গ্রহণের অধিকার সরকার সংরক্ষণ করিবে এবং অনুরূপ সিদ্ধান্ত গেজেট প্রজ্ঞাপন আকারে জারি করিতে পারিবে;

১৩.৮ এইরূপ জারিকৃত প্রজ্ঞাপনের উল্লিখিত সিদ্ধান্ত নির্দেশিকার অংশ হিসাবে গণ্য হইবে। এই উপ-অনুচ্ছেদের সংশোধনী অন্তর্ভুক্তের পূর্বে সরকার কোন সংশোধন আনয়ন করিলে তাহা এই উপ-অনুচ্ছেদের অধীন আনয়ন করা হইয়াছে মর্মে গন্য হইবে; এবং

১৩.৯ এই নির্দেশিকার কোন বিষয় অস্পষ্ট থাকিলে তাহা সরকার প্রজ্ঞাপন জারির মাধ্যমে স্পষ্টীকরণ করিতে পারিবে এবং সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।'

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(মোঃ হামিদুর রহমান)
যুগ্মসচিব
☎- ৯৫৭৬৩৫৭
ds_law@mofl.gov.bd

নং-৩৩.০২.০০০০.১৪৭.০৮.০৪২.১৭(অংশ-১)-৩৬০

তারিখঃ ১২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ / ২৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

অবগতি ও কার্যার্থে-

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা/ খুলনা বিভাগ, খুলনা/রাজশাহী বিভাগ, রাজশাহী/সিলেট বিভাগ, সিলেট/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/ রংপুর বিভাগ, রংপুর/ চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম/ বরিশাল বিভাগ, বরিশাল।
৩. উপপরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। – [ প্রজ্ঞাপনটি গেজেট আকারে প্রকাশের অনুরোধসহ। ]
৪. মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (এ প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ।)
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় [অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

(মোঃ হামিদুর রহমান)
যুগ্মসচিব